

এক নজরে

মেট্রোপলিটন থানা সমবায় অফিস, খুলনা

প্রারম্ভিক : মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, খুলনা এর আওতাধীন জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র হ্রাস করণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম সংস্থা হিসেবে বহুল পরিচিত। এটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে একটি দপ্তর। দপ্তরের প্রধান কর্মকর্তা মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, খুলনা নামে অভিহিত। সমবায় সমিতির নিবন্ধনসহ বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা দপ্তরের মূল কার্যক্রম। দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট জনবল ০৫ জন।

ঠিকানা : ৩ নং পি. সি. রায় রোড (শহীদ হাদিস পার্কের পশ্চিম পার্শে), খুলনা।

বর্তমানে দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবলের তথ্য: (জুন/২৩পর্যন্ত)

ক্রঃ নং	মঞ্জুরিকৃত পদের নাম	সংখ্যা
০১.	উপজেলা সমবায় অফিসার	১ জন
০২.	সহকারী পরিদর্শক	২ জন
০৩.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১ জন
০৪.	অফিস সহায়ক	১ জন

কার্যক্রম: উপজেলা সমবায় অফিসের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

- ধনী দরিদ্র নির্বিশেষে গণতন্ত্রমণা জনগণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করা এবং তাঁদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন, নিবন্ধন, তত্ত্বাবধায়ন ও আইনগতভাবে নিয়ন্ত্রণ করা ;
- নিবন্ধিত সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা, পরিদর্শন, তদন্ত, নির্বাচন ও অবসায়ন কার্যক্রম সম্পাদন করা;
- সমবায় নেতৃত্বদ ও সদস্যবৃন্দকে সমবায় সম্পর্কিত জ্ঞান, দক্ষতা বৃদ্ধির জন্য সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন, নেতৃত্বের বিকাশ, আত্ম -কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান;
- সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা;
- সমবায় সমিতির উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির উপর জরিপ, গবেষণা ও কেস স্টাডি পরিচালনা করা এবং এর উপর প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের অনুমোদন, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;

- সরকার কর্তৃক বাস্তবায়িত আশ্রয়ণ/আবাসন, এলজিইডি,পানি উন্নয়ন বোর্ড ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান গৃহীত কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ;
- বৃক্ষরোপন, পরিবার পরিকল্পনা, গণশিক্ষা, জনস্বাস্থ্য রক্ষা ইত্যাদি সরকারী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করা;
- সমবায় সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, আশ্রয়ন প্রকল্পে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা।

বর্তমানে সমবায় সমিতির সংক্ষিপ্ত তথ্য: (জুন/২৩পর্যন্ত)

ক্রঃ নং	বিবরণ	তথ্য
০১.	কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা	০৩ টি
০২.	প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা	২০৭টি
০৩.	কালব ভুক্ত সমিতির সংখ্যা	০৬ টি
০৪.	একাধীক জেলাব্যাপী সমবায় সমিতির সংখ্যা	০৫টি
০৫.	সর্বমোট সমবায় সমিতির সংখ্যা	২২১টি
০৬.	ব্যক্তি সদস্য সংখ্যা	পুরুষ- ২৪,৬৭৯ জন মহিলা- ১৩,৬৭০ জন সর্বমোট-৩৮,৩৪৯ জন
০৭.	শেয়ার মূলধন	৪৪১৫ লক্ষ টাকা
০৮.	সঞ্চয় আমানত	৫১২৮ লক্ষ টাকা
০৯.	কার্যকরী মূলধন	৯৫৪৩ লক্ষ টাকা
১০.	মোট সম্পদ	৯১২ লক্ষ টাকা